# পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খোশনূর রুবাইয়াৎ, উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা। |
| সভার তারিখ | : | ১৭/০৪/২০২৩ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১২:৩০ মিনিট |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সম্মানিত সদস্যগণকে পবিত্র মাহে রমজান এবং আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার র্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর/১৪৪৪ হিজরি (২০২৩ খ্রি.) উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় ভায় গৃহীত কর্মসূচি, জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ও এ কার্যালয়ের বিগত বছরের সভার র্যবিবরণীর সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। সভায় আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উদ্‌যাপন উপলক্ষ্যে উপস্থিত সদস্যদের সাথে উন্মুক্ত লোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | ১.১ পবিত্র ঈদ-উল-ফিতরের দিন সকল সরকারি/আধা-সরকারি/বেসরকারি /স্বায়ত্বশাসিত ভবনে যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের পূর্বে নামানোর বিষয়ে প্রচার ও বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.২ জাতীয় পতাকা উত্তোলন ও সূর্যাস্তের পূর্বে নামানোর বিষয়টি স্ব স্ব কর্তৃপক্ষ ও উপকমিটি নিশ্চিত করবে। | ০১. সংশ্লিষ্ট উপকমিটি/ অফিস/সংস্থা /বিভাগের প্রধান এবং বেসরকারি ভবনসমূহের মালিকগণ<br>০২. উপজেলা তথ্য কর্মকর্তা, ফুলতলা, খুলনা<br>০৪. সভাপতি/সম্পাদক, ফুলতলা প্রেস ক্লাব, ফুলতলা, খুলনা<br>০৫. স্থানীয় সংবাদপত্রসমূহের সম্পাদকবৃন্দ |
| ২. | ২.১ সকাল ৭.৩০ ঘটিকায় প্রথম জামাত এবং ৮.৩০ ঘটিকায় দ্বিতীয় জামাত দামোদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন ময়দানে (ডাবুর মাঠ) ঈদ-উল-ফিতরের জামাত অনুষ্ঠিত হবে।<br>২.২ অন্যান্য মসজিদ ও ঈদগাহসমূহে অনুষ্ঠিতব্য ঈদের জামাতের সময়সূচি সংশ্লিষ্ট ঈদগাহ ও মসজিদ পরিচালনা কমিটি নির্ধারণ করবেন। সকল ইউনিয়নের সহায়তায় ইউপি চেয়ারম্যানগণের সার্বিক তত্ত্বাবধানে ঈদের জামাত অনুষ্ঠিত হবে। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা<br>০২. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলতলা, খুলনা<br>০৩. সভাপতি/সম্পাদক, উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি, ফুলতলা, খুলনা<br>০৪. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ফুলতলা, খুলনা<br>০৫. খতিব, সকল মসজিদ, খুলনা<br>০৬. সংশ্লিষ্ট মসজিদ/ঈদগাহ পরিচালনা কমিটি |
| ৩. | ৩.১ ঈদের প্রধান জামাত অনুষ্ঠানের জন্য দামোদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন ময়দানে (ডাবুর মাঠ) মাঠ সমতলকরণ, নামাজের আসন, ত্রিপল টাঙানো, চটের ব্যবস্থা, ওযুর ব্যবস্থা, মাঠের প্রবেশ পথে গেট নির্মাণসহ সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২ ঈদের প্রধান জামাতের পাশে (দামোদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন ময়দানে (ডাবুর মাঠ)/উপজেলা পরিষদ জামে মসজিদ) ওযুর পানির ব্যবস্থাসহ উপজেলাতে নিরবচ্ছিন্ন পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। | ০১. চেয়ারম্যান, কেবিএস প্রকল্প, ফুলতলা, খুলনা |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৪. | ৪.১ উপজেলার সকল ঈদের জামাতে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে সার্বক্ষণিক নজরদারির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.২ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে উপজেলা ফেরিঘাট/টার্মিনাল, রেল স্টেশন, বাস টার্মিনালে আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় পুলিশ ফোর্স/র‍্যাব/আনসার সদস্য/নৌ-পুলিশ নিয়োগ এবং যানজট নিরসনে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া উপজেলার বিভিন্ন এলাকায় পুলিশের টহল বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৩ অজ্ঞান ও মলম পার্টি, ছিনতাইকারী ও পকেটমারদের তৎপরতা বন্ধের লক্ষ্যে টার্মিনাল, সংযোগ সড়ক, রেল স্টেশন, বাস ও নৌযান টার্মিনালসমূহে সাদা পোষাকধারী পুলিশ মোতায়েনের ব্যবস্থা গ্রহণ এবং ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করতে হবে। এছাড়া জাল টাকা বিস্তাররোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪.৪ ফুলতলা বাজার এলাকায় পুলিশি টহল জোরদারসহ সম্ভব হলে শহরের গুরুত্বপূর্ণ মার্কেট/মোড়ে সিসি ক্যামেরা সমূহ সচল ও মনিটরিং করতে হবে।<br>৪.৫ ঈদের দিন বিভিন্ন ঈদ জামাত অনুষ্ঠানে সন্ত্রাস ও নাশকতা কর্মকান্ডরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৬ ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মাদক/ মাদকজাতীয় পণ্যের ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।<br>৪.৭ সন্ত্রাস ও নাকশতা বিষয়ে সকলকে সম্যকভাবে উপলব্ধি অর্জনে স্ব স্ব মসজিদের ঈমামদের খুৎবা এবং ওয়াক্ত নামাজের সময় এ সম্পর্কিত কোরআন, হাদীস ও ইসলামের মূল্যবোধের ব্যাখ্যা পর্যালোচনাপূর্বক সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>৪.৮ ঈদের দিন রাস্তায় বেপরোয়া গতিতে মটরসাইকেল চালকদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৯ ঈদের দিন উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড় এবং সড়কে খোলা পিকআপ/ট্রাকে উচ্চ শব্দে মাইক বাজিয়ে উচ্ছৃঙ্খল পরিবেশ কেউ যেন তৈরি করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইভটিজার এবং বখাটের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.১০ ঈদের পর্বের ০২ (দুই) দিন উপজেলার বিভিন্ন বাজার এবং শপিংমলে | ০১. অফিসার ইনচার্জ, ফুলতলা/ খানজাহান আলী থানা, ফুলতলা, খুলনা<br>০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা<br>০৩. উপজেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফুলতলা, খুলনা<br>০৪. উর্ধ্বতন উপপরিচালক (বঃওপঃ), বিআইডব্লিউটিএ, খুলনা<br>০৫. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলতলা, খুলনা<br>০৬. সভাপতি/সম্পাদক, ফুলতলা প্রেস ক্লাব, ফুলতলা, খুলনা<br>০৭. সভাপতি/সম্পাদক, খুলনা বাস-মিনিবাস মালিক সমিতি, খুলনা<br>০৮. সভাপতি/সম্পাদক, ফুলতলা মটর শ্রমিক ইউনিয়ন, ফুলতলা, খুলনা<br>০৯. সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, ফুলতলা,খুলনা |
| ৫. | বিভিন্ন হাসপাতাল, কারাগার, সরকারি শিশু সদন, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। | ০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলতলা, খুলনা<br>০২. উপজেলা সমাজসেবা অফিসার, ফুলতলা, খুলনা |
| ৬. | ৬.১ মাঝ নদীতে কোন লঞ্চ, স্টিমার, নৌকা, ট্রলার থেকে যাত্রী উঠানামা না করতে পারে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৬.২ ঈদের সময় রাতে নদীতে সকল প্রকার পণ্যবাহী/মালবাহী জাহাজ, বালুবাহী<br>বাল্কহেড চলাচল বন্ধ রাখতে হবে। রাতের বেলায় স্পীডবোট চলাচল বন্ধ রাখতে হব।<br>৬.৩ নৌপথে ডাকাতি, চাঁদাবাজি, শ্রমিক, যাত্রীদের হয়রানি ও ভীতিমূলক অবস্থা প্রতিরোধ করার জন্য রাতে পুলিশ টহল জোরদার করতে হবে।<br>৬.৪ ঈদের সময় উপজেলার সকল ফেরীঘাটে ফেরীঘাট ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে নির্বিঘ্নে সিরিয়াল প্রদান, ফেরীঘাট ও ফেরী রুটের শৃঙ্খলা, অতিরিক্ত ভাড়া আদায় ও অতিরিক্ত যাত্রী বোঝাই নিয়ন্ত্রণসহ সকল ফেরীর ডাস্টবিন ডিসচার্জের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ০১. অফিসার ইনচার্জ, ফুলতলা/ খানজাহান আলী থানা, ফুলতলা, খুলনা<br>০২. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ফুলতলা, খুলনা<br>০৩. অফিসার ইনচার্জ, নৌ-পুলিশ, ফুলতলা, খুলনা<br>০৪. উপজেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফুলতলা, খুলনা<br>০৫. উর্ধ্বতন উপপরিচালক (বঃওপঃ), বিআইডব্লিউটিএ, খুলনা<br>০৬. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলতলা, খুলনা<br>০৭. ম্যানেজার (বাণিজ্য), বিআইডব্লিউটিসি, খুলনা<br>০৮. সচিব, নৌপরিবহন মালিক গ্রুপ, ফুলতলা, খুলনা<br>০৯. সভাপতি/সম্পাদক, লঞ্চ মালিক সমিতি, ফুলতলা, খুলনা<br>১০. সভাপতি/সম্পাদক, বিআইডব্লিউটিএ ঘাট শ্রমিক ইউনিয়ন, ফুলতলা, খুলনা |
| ৭. | পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে স্থানীয় সংবাদপত্রসমূহে নিজস্ব ব্যবস্থাপনায় বিশেষ | ০১. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| | সংখ্যা প্রকাশের ব্যবস্থা করতে হবে। | ফুলতলা, খুলনা<br>০২. স্থানীয় সংবাদপত্রসমূহের সম্পাদকবৃন্দ |
| ৮. | যাকাত প্রদানযোগ্য ব্যক্তিগণের যাকাতের একটি অংশ সরকারি যাকাত ফান্ডে জমা প্রদানের জন্য সোনালী ব্যাংক, ফুলতলা শাখা, চলতি হিসাব নম্বর-২৭০৪০০১০১১৮৬৯, বিভাগীয় পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বয়রা, খুলনা এর নিকট সরাসরি প্রদান করার বিষয়ে জনসাধারণের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, খুলনা<br>০২. সভাপতি/সম্পাদক, ইমাম পরিষদ, খুলনা |
| ৯. | জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে খুলনা মহানগরীতে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করতে হবে।<br>৯.১ উপজেলা ক্রীড়া সংস্থা কর্তৃক সুবিধাজনক সময়ে প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করতে হবে। | ০১. সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, ফুলতলা, খুলনা |
| ১০ | ১০.১ ঈদকে সামনে রেখে উপজেলা এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য অতি দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ফুলতলা, খুলনা<br>০২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলতলা, খুলনা |

বিবিধ সিদ্ধান্ত:

১. পবিত্র ঈদ-উল-ফিতরের গুরুত্ব সম্পর্কে সুবিধাজনক সময়ে ইসলামী ফাউন্ডেশন, ফুলতলা, খুলনা সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে।
২. ঈদের সময় বিভিন্ন সম্ভাব্য দুর্ঘটনা মোকাবেলার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের অগ্নি নির্বাপক গাড়ি ও প্রয়োজনীয় সরঞ্জাম সর্বদা প্রস্তুত রাখতে হবে।
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কার্যবিবরণী মোতাবেক স্ব-স্ব উপজেলায় স্থানীয় কর্মসূচি গ্রহণ করবেন।
৪. পবিত্র ঈদ-উল-ফিতরের ঈদ জামাতসহ সকল আয়োজনে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

পরিশেষে সকলের আন্তরিক সহযোগিতায় পবিত্র ঈদ-উল-ফিতর যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য এবং আনন্দ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপনের আশাবাদ ব্যক্ত করে সকলকে পবিত্র ঈদ-উল-ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৪

রোশনূর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
ফুলতলা, খুলনা
তারিখ: ১৮/০৪/২০২৩ খ্রি.

স্মারক নং- ০৫.৪০.৪৭৬৯.০০৮.০১.২৯৮.২৩- ৬৬০(যুক্ত)

অনুলিপি সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
২. সহকারী কমিশনার (ভূমি),ফুলতলা, খুলনা।
৩. পরিচালক, র‍্যাব-৬, খুলনা
৪. উপজেলা..........................................................অফিসার (সকল), ফুলতলা, খুলনা।
৫. অফিসার ইনচার্জ, ফুলতলা/ খানজাহান আলী থানা, ফুলতলা, খুলনা।
৬. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, ফুলতলা, খুলনা।
৭. চেয়ারম্যান.......................................ইউপি(সকল), ফুলতলা, খুলনা।
৮. সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, ফুলতলা, খুলনা।
৯. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলতলা, খুলনা।
১০. সভাপতি, ফুলতলা প্রেসক্লাব/উপজেলা প্রেসক্লাব/রিপোটার্স ক্লাব/বাংলাদেশ প্রেস ক্লাব, ফুলতলা, খুলনা।
১১. সভাপতি/সম্পাদক, ইমাম পরিষদ, ফুলতলা, খুলনা/ খতিব/ ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ/ফুলতলা বাজার কেন্দ্রীয় জামে মসজিদ, খুলনা
১২. জনাব........................................................................................ফুলতলা, খুলনা

১৮/০৪

উপজেলা নির্বাহী অফিসার
ফুলতলা, খুলনা